

স্মারক নং: ০৫.৪২.৮৪৮৭.০০০.০৭.০৪২-২০-২৪৮

নিয়োগ বিজ্ঞপ্তি

তারিখ: ৩০শে পৌষ ১৪২৬
১৪ই জানুয়ারি ২০২০

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “ জনশুমারি ও গৃহগণনা-২০২১ ” এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে ‘তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার’ পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র সদর রাঙ্গামাটি পার্বত্য উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুবক/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।


ক্র:নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	প্রার্থী শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। (৮৫০০ বা তার কমবেশি ভ্যাট সহ)	০১।নূন্যতম স্নাতকপাস হতে হবে। ০২।নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ০৩।সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। (ইংরেজি ও বাংলা) ০৪।পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ০৫। মাঠ পর্যায়ে ডোর টু ডোর ও দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে ও ৬/৭ জনের দল পরিচালনা করতে পারতে হবে।
০২)	তালিকাকারী / গণনাকারী	প্রকল্পের নিয়ম অনুযায়ী ভাতাদি প্রাপ্য হবেন। (৮০০০ বা তার কমবেশি ভ্যাট সহ)	০১।নূন্যতম এইচ.এস.সি/সমমানের পাস হতে হবে। ০২।নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ০৩।সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। (ইংরেজি ও বাংলা) ০৪।পূর্ববর্তী কোন শুমারিতে তথ্য সংগ্রহের কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। ০৫। মাঠ পর্যায়ে ডোর টু ডোর ও দলগত কাজ করার মানসিকতা থাকতে হবে।

শর্তাবলী :

- ০১।লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০) কার্যক্রমে প্রতি গণনাকারী ১০ (দশ) দিনে মোট ৩৫০-৪০০(কম/বেশী) খানার তালিকা করবেন, মূলশুমারিতে (২-৮জানুয়ারি,২০২১খ্রি:) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১০০-১২০(কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ০২।লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপ ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে।
- ০৩।অন্য কোন পেশায় (যেমন- সরকারী, বেসরকারী চাকরিজীবী, ইউনিয়ন বা ওয়ার্ড সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেননা। পরবর্তীতে এ রকম প্রমাণ পেলে তৎক্ষণাৎ নিয়োগ কমিটি তাদেরকে বাদ দেয়ার ক্ষমতা রাখেন।
- ০৪।প্রয়োজনে নিজের গ্রাম/মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য গ্রাম/ওয়ার্ড/মহল্লায় কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ০৫।উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্বহস্তে শুমারিতে গণনাকারী/ সুপারভাইজার হিসেবে নিয়োগ পেতে আবেদন সহ সংযুক্ত ফরম পূরণ করে ২০/০১/২০২০ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয় সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা এ নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ০৬।প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ০৭।মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
- ০৮।খামের উপরে পদের নাম এবং নিজ গ্রামের/মহল্লার নাম লিখে জমা দিতে হবে।

অন্যান্য তথ্যাবলী :

- ০১।নির্ধারিত আবেদনফরম www.bbs.sadar.rangamati.gov.bd থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তেপূরণ করে আবেদন করতে হবে।
- ০২।নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার দেয়া হবে এবং কমপক্ষে ৫০% মহিলা নিয়োগ করা হবে।
- ০৩।লিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মী গণের কার্যক্রম সন্তোষজনক হলে তারা মূলশুমারিতেও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ০৪।আগামী ২১/০১/২০২০ হতে ২২/০১/২০২০খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিসংখ্যান সদর অফিসারের কার্যালয়ে স্বাক্ষরকার নেয়া হবে।
- ০৫। লিস্টিং অপারেশনের জন্য চূড়ান্তপ্রার্থীদের তালিকা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে প্রকাশ করা হবে ও www.bbs.sadar.rangamati.gov.bd এ পাওয়া যাবে।
- ০৬।নির্ধারিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে।
- ০৭।নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। খানা তালিকা প্রণয়নে ও মূল শুমারিতে কারা অংশ নেবে তা কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত হবে।


৩০/০১/২০২০
(ফাতেমা তুজ জোহরা উপমা)
উপজেলা নির্বাহী অফিসার
সদর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

ও
সভাপতি

গণনাকারী ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি।